ইত্তেফাক

তারিখ 15.2.79
পৃষ্ঠা 2 কলাম 7

172

## একটি আবেদন

দেশের সমস্ত মাধ্যমিক বিদ্যালয়ে সংস্কৃত ও আরবী পড়াইবার জন্য পণ্ডিত ও মৌলভী রহিয়াছে। পণ্ডিত ও মৌলভী ছাড়া সংস্কৃত ও আরবী শিক্ষাদান সম্ভব নহে। বর্তমানে সরকার মৌলভী ও পণ্ডিতদের কল্যাণ-ভাতার পরিবর্তে বেতন দিতেছেন। বিদ্যালয়ে পণ্ডিত ও মৌলভীদের যে বেতন দেওয়া হয় তাহা সমভাবেই দেওয়া হয়। কিন্তু বেসরকারী মাধ্যমিক স্কুলগুলিতে মৌলভী এম, এম, ২২০ টাকা এবং পণ্ডিত তীর্থ ১৪০ টাকা পাইয়া থাকে। এই বৈষম্যের কারণ কি, আমরা জানি না। মৌলভীদের ক্ষেত্রে এম, এম, সর্বোচ্চ ডিগ্রী, পণ্ডিতদের ক্ষেত্রে তীর্থও সর্বোচ্চ ডিগ্রী। অনেক পণ্ডিত কলিকাতা সংস্কৃত সংসদের অধীনে সংস্কৃতের কেন্দ্রস্থল নবদ্বীপ ও কাশী সংস্কৃত কলেজ হইতে একাধিক উপাধি প্রাপ্ত হওয়া সত্ত্বেও একই স্কুলে তাহার সমপর্যায়ভুক্ত একজন মৌলভী অপেক্ষা কম বেতন পাইতেছেন। তীর্থধারী পণ্ডিতদের মৌলভীদের সমপর্যায়ে বেতন প্রদানের জন্য সংশিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—অনন্ত কুমার ভট্টাচার্য, হেড পণ্ডিত, দেবীগঞ্জ হাইস্কুল, দিনাজপুর।